



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা  
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির শীতকালীন কর্মসূচি

২৭৪ জন দুঃস্থ মানুষের মাঝে চাল ও কম্বল

বিতরণ করলেন মেয়র

চট্টগ্রাম -২৩ জানুয়ারি-২০১৯ইংরেজী।

ত্রাণ সহায়তা কার্যক্রমের অংশ হিসেবে গরীব দুঃস্থ মানুষের মাঝে কম্বল ও চাল বিতরণ করেছে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আজ বুধবার সকালে নগর ভবনে প্রধান অতিথির হিসেবে উপস্থিত থেকে এসকল সামগ্রী বিতরণ করেন। মোট ২৭৪ জন গরীব দুঃস্থ অসহায় মানুষের মাঝে ২০০ টি কম্বল ও ২৫ কেজি করে ৭৪ জনকে চাল বিতরণ করা হয়। এ সময় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি ভাইস চেয়ারম্যান আবদুচ সালাম, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির সেক্রেটারি আবদুল জব্বার, সদস্য মঞ্জুরুল হক, সাফকাত জাহান, সালাউদ্দিন, মহসিন, আদনান ও যুব প্রধান ইসমাইল খান ফয়সাল প্রমুখ উপস্থিত ছিলেন।

চাল ও কম্বল বিতরণ কালে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, রেড ক্রিসেন্ট সোসাইটি বিশ্বব্যাপী আত্মমানবতার সেবায় কাজ করে যাচ্ছে। বাংলাদেশেও এই প্রতিষ্ঠানের কার্যক্রম রয়েছে। রেড ক্রিসেন্ট সোসাইটির কর্মীরা বিভিন্ন দুর্যোগময় পরিস্থিতিতে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে মানবসেবার জন্য এগিয়ে আসে। তিনি তাদের এই ধরনের কার্যক্রম যাতে আরো সম্প্রসারিত হয় এই প্রত্যাশা করেন এবং এ ব্যাপারে তার পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা করা হবে উল্লেখ করেন। যুব রেড ক্রিসেন্ট ক্যাম্প : আজ বুধবার নগর ভবনের কনফারেন্স হলে অনুষ্ঠিত এক সভায় আগামী ৪ঠা মার্চ থেকে ৯ই মার্চ পর্যন্ত পাঁচ দিন ব্যাপী নগরীর হালিশহরস্থ শারীরিক শিক্ষা কলেজে যুব রেড ক্রিসেন্ট ক্যাম্প-২০১৯ অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই ক্যাম্প আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের কথা রয়েছে। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি জেলা ও সিটি ইউনিটের পৃষ্ঠপোষকতায় এবারো ক্যাম্পের প্রতিপাদ্য স্লোগান নির্ধারণ করা হয়েছে “যুব নেতৃত্বে এগিয়ে যাবো, সম্ভাবনার দুয়ার খুলবো” এই ক্যাম্পে হাজারো যুব সদস্য-সদস্যা, অতিথিবৃন্দ, সিনিয়র যুব সদস্য, স্বেচ্ছাসেবকগণ অংশ নিবে। ক্যাম্পে প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন থাকবে। এতে নেতৃত্ব, ব্যক্তিত্ব, উন্নয়ন, সামাজিক মূল্যবোধ, নৈতিকতা শিক্ষা, রেড ক্রস রেড ক্রিসেন্ট, স্বেচ্ছাসেবকমূলক কার্যক্রম অন্যান্য বিষয় নিয়ে প্রশিক্ষণ দেয়া হবে।

## প্রেস বিজ্ঞপ্তি

শেরশাহ কলোনী ডা. মজহারুল হক হাই স্কুলের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মেয়র  
পাঠ্যপুস্তকের পাশাপাশি শিক্ষার্থীদেরকে সামাজিক শিক্ষা,  
আদর্শিক শিক্ষা ও নৈতিক শিক্ষাও অর্জন করতে হবে

চট্টগ্রাম -২৩ জানুয়ারি-২০১৯ইংরেজী।

আজ বুধবার সন্ধ্যায় শেরশাহ কলোনী ডা. মজহারুল হক হাই স্কুল প্রাঙ্গণে বার্ষিক ত্রীড়া পুরস্কার বিতরণী-২০১৯ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালনা পর্ষদের শিক্ষানুরাগী সদস্য সাবেক কাউন্সিলর আলহাজ্ব ফরিদ আহমদ চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন কাউন্সিলর আলহাজ্ব সাহেদ ইকবাল বাবু। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রতিষ্ঠান প্রধান এ কে এম ইমদাদুল আনোয়ার চৌধুরী। এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বায়েজিদ খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আতাউর রহমান খন্দকার, বিদ্যালয় পরিচালনা পর্ষদের সদস্য ডা.মামুন ইবনে আমিন, নাজিম উদ্দিন, ফজল আমিন, আবু তাহের, বাবুল, রফিক উল আলম, শিক্ষক মনতোষ মজুমদার। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন পাঠ্যপুস্তকের পাশাপাশি একজন শিক্ষার্থীকে সামাজিক শিক্ষা, আদর্শিক শিক্ষা ও নৈতিক শিক্ষাও অর্জন করতে হবে। তিনি বলেন বর্তমান সরকার দেশের শিক্ষা ব্যবস্থার ভিত প্রাথমিক শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার ও গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়েছেন। প্রাথমিক স্তরের শিক্ষা ব্যবস্থাকে টেলে সাজাতে বছরের প্রথম দিনে বিনামূল্যে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণের ব্যবস্থা করেছে। প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত করনের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ঝড়ে পরা রোধে শিক্ষার্থীদের জন্য উপবৃত্তির ব্যবস্থা করেছে। মানসম্পন্ন পাঠদানের লক্ষ্যে প্রাথমিক শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতার সনদও নূন্যতম স্নাতক পর্যায়ে উন্নীত করেছে। মেয়র আরো বলেন শিশুদের মন হচ্ছে কাদা মাটির মত। শৈশবে যদি আনন্দময় পরিবেশে যথাযথভাবে শিক্ষা লাভ করতে পারে তবে তাঁর ভবিষ্যৎ জীবন সুন্দর ও স্বার্থক হয়। তাই দেশ প্রেমিক, আদর্শবান ও সু-নাগরিক সৃষ্টির প্রয়াসে সরকার প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় উল্লেখযোগ্য পরিমাণ বরাদ্দ দিয়েছে। অভিভাবকদের বিষয়টি অনুধাবন করে তাদের সম্ভানদের স্কুলগামী করতে উদ্যোগী হতে হবে। আমরা চাই আমাদের এই প্রিয় দেশ শিক্ষা, দিক্ষা, জ্ঞান-বিজ্ঞানে বিশ্বের উন্নত রাষ্ট্রগুলোর সমপর্যায়ে থাক। আর এই প্রয়াসে শিক্ষক অভিভাবকসহ সকল মানুষের নাগরিক দায়িত্ব রয়েছে। মেয়র বলেন দারিদ্রতা থেকে মুক্তি পাওয়ার অন্যতম মাধ্যম হল শিক্ষা। শতভাগ শিক্ষায় শিক্ষিত করার জন্য সরকার সামাজিক সুরক্ষা কর্মসূচির পরিধি আরো বৃদ্ধি করেছে। তিনি এই প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের লক্ষ্যে তার পক্ষ থেকে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস দেন। পরে মেয়র বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন